17

দৈনিক [illegible]কণ্ঠ

তারিখ AUG. 24 1998
পৃষ্ঠা 2 কলাম ৩

# কপিরাইট বিলের খসড়া মন্ত্রিসভায় অনুমোদিত

মন্ত্রিসভা বিভিন্ন লেখকের অধিকার সংরক্ষণের বিধান সংবলিত কপি রাইট বিলের খসড়া নীতিগতভাবে অনুমোদন করেছে। এক সরকারী প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রস্তাবিত আইনটি বৈজ্ঞানিক জ্ঞান, শিক্ষা ও সংস্কৃতি বিনিময়ের সহায়ক হবে। এছাড়া এ আইনের ফলে বইয়ের লেখকগণ, শিল্পকলা ও সাহিত্য, অডিও-ভিডিও ও কম্পিউটার প্রোগ্রাম এবং কলাকুশলিগণ সৃষ্টিশীল কাজে অনুপ্রেরণা পাবেন। খবর ইউএনবি'র।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বেসরকারী স্কুল রেজিস্ট্রেশন অধ্যাদেশ ১৯৬২ এবং প্রাথমিক স্কুল শিক্ষকদের কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ ১৯৮৫ আরও সংশোধনের প্রস্তাবও অনুমোদন করেছে। মন্ত্রিসভার সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

